গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

নং- ৫৮.০৪.০০০০.০২১.০৩.০০১.২৪- ১০৮২

তারিখঃ ০৭ আশ্বিন ১৪৩১
২২ সেপ্টেম্বর ২০২৪

'অফিস আদেশ'

কারা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২৫ এর আওতায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ১.১.১ কার্যক্রম অনুযায়ী উদ্ভাবনী ধারণা/উদ্যোগ বাস্তবায়নের বিপরীতে RFID Prisoner Management System ও Hot Line নম্বর চালুকরণের উদ্যোগ গৃহীত হয়েছে। কারা বিভাগের ২০২৪-২৫ অর্থবছরে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় উদ্ভাবনী ধারণা/উদ্যোগটির বিবরণ নিম্নরূপঃ

ক্রম	শিরোনাম	উদ্ভাবনী ধারণা/উদ্যোগের বিবরণ
১.	RFID Prisoner Management System (কারা নিরাপত্তায় বন্দি ম্যানেজমেন্ট সিস্টেম)	**বর্তমানে প্রাকটিস:** বর্তমানে কারাগারে সকাল দুপুর এবং সন্ধ্যায় বন্দি গণনা করা হয়। এছাড়াও বিশেষ প্রয়োজনে যেকোন সময় বন্দি গণনার প্রয়োজন হয়। গণনার জন্য দায়িত্বপ্রাপ্ত ইনচার্জ অন্যান্য স্টাফদের সহায়তায় প্রতিটি ওয়ার্ডে এবং কারা ক্যাম্পাসে রাউন্ড করে বন্দির নির্ভূল গণনা এবং অবস্থান সনাক্ত করে জেলার এর নিকট রিপোর্ট পেশ করেন। যা সময় সাপেক্ষ বিষয়। বন্দি গণনায় প্রায় সাড়ে চার ঘন্টা ব্যয় হয়। **ইনোভেশন আইডিয়া:** RFID Prisoner Management System একটি সফটওয়ার এবং হার্ডওয়ার এর সমন্বয়ে গঠিত ম্যানেজমেন্ট সিস্টেম। এই সিস্টেম ব্যবহারের ফলে সহজেই বন্দির অবস্থান, বন্দির মুভমেন্ট এবং সংখ্যা নির্ভূলভাবে নির্ণয় করে অতি দ্রুত রিপোর্ট প্রস্তুত করা সম্ভব হবে। এই সিস্টেমে এলার্মিং অপসন সংযুক্ত করে বিভিন্ন প্রয়োজনীয়তায় তা কারা নিরাপত্তায় ব্যবহার করা যাবে।
২.	Hot Line নম্বর চালুকরণ (তথ্য অনুসন্ধানমূলক ওয়ানস্টপ সেবা)	**বর্তমানে প্রাকটিস:** বনিদর স্বজন এবং জনসাধারণ বিভিন্ন তথ্যের সঠিকতা, বন্দির অবস্থান, মুক্তির তারিখ, বিজ্ঞ আদালতে হাজিরার তারিখ, দেখা সাক্ষাত বিষয়ক তথ্য ইত্যাদি বিভিন্ন প্রয়োজনে কারাগারে এসে অথবা ফোন করে তথ্য সেবা চান। তথ্যপ্রদানকারী হিসেবে যাদের ফোন করেন তাদের নিকট অনেক সময় আপডেট তথ্য থাকে না বিধায় প্রয়োজনীয় সেবা সময়মত প্রদান করা সম্ভব হয়না। যেসকল তথ্যগ্রহীতা সরাসরি কারাগারে তথ্য নিতে আসেন তাদেরও একটি সেবা গ্রহণের জন্য অধিক সময় ব্যয় হয়। **ইনোভেশন আইডিয়া:** Hot Line নম্বর চালু করার মাধ্যমে একটি ওয়ানস্টপ প্লাটফর্ম থেকেই স্বল্পসময়ে বন্দির স্বজন এবং জনসাধারণ তাদের কাঙ্খিত তথ্য সেবা পেয়ে যাবেন।

২২/৯/২৪
শেখ সুজাউর রহমান
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
addl.ig@prison.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
'দৃঃ আঃ- চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনু বিভাগ।
২। কারা উপ-মহাপরিদর্শক(স:দ:) ও ইনোভেশন অফিসার, কারা অধিদপ্তর, ঢাকা।
৩। সহকারী কারা মহাপরিদর্শক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট/প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর ঢাকা।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা আসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। স্মারকটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৬। ব্যক্তিগত সহকারী, কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ মহাপরিদর্শক(স:দ:) মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। গার্ড ফাইল।